

2023

B.VOC. (General) Part-I Examination

Bengali

PAPER - I

(General)

Full Marks : 90

Time : 3 hours

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

যেখানে প্রয়োজন উদ্ধৃতিসহ ব্যাখ্যা কর।

নির্দেশানুসারে সকল বিভাগ থেকে উত্তর দেওয়া প্রয়োজন।

বিভাগ—ক

নিম্নলিখিত যেকোনো দু'টি প্রশ্নের উত্তর দাও :

১৫×২=৩০

১. অনুবাদ সাহিত্য রচনার কারণ কী? বাংলা রামায়ণের অনুবাদক হিসেবে কবি কৃত্তিবাস ওঝার কৃতিত্ব সম্পর্কে লেখ।

(2)

২. 'চণ্ডীমঙ্গল কাব্য'-এর শ্রেষ্ঠ কবি কে? তাঁর কবিপ্রতিভার পরিচয় দাও।
৩. বাংলা গদ্য সাহিত্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের লেখকগোষ্ঠীর অবদান সম্পর্কে লেখ।
৪. বাংলা উপন্যাসের ধারায় রবীন্দ্রনাথ ঠাকুরের কৃতিত্বের পরিচয় দাও।
৫. বাংলা নাট্যসাহিত্যে দীনবন্ধু মিত্রের প্রতিভার মূল্যায়ন কর।

বিভাগ—খ

নিম্নলিখিত যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৫×৩=১৫

১. শ্রেষ্ঠ চৈতন্যজীবনী কাব্য কোনটি? কাব্যটির গুরুত্ব পর্যালোচনা কর।
২. মধ্যযুগে বাংলা মঙ্গলকাব্য রচনার কারণসমূহ বর্ণনা কর।
৩. 'বাংলা গদ্যের জনক' কাকে বলা যায় যুক্তিসহ লেখ।
৪. কাকে, কেন 'ভোরের পাখি' বলা হয়?
৫. পৌরাণিক নাটক রচনায় গিরিশচন্দ্র ঘোষের অবদান সংক্ষেপে লেখ।

(3)

বিভাগ—গ

নিম্নলিখিত যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

১. উপভাষা কাকে বলে? বাংলা উপভাষা কয় প্রকার ও কী কী? বঙ্গালী উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা কর।
২. বাংলা ভাষার উদ্ভব ও বিকাশের বিবরণ দাও।
৩. মিশ্রকলাবৃত্ত ছন্দরীতি সম্পর্কে আলোচনা কর।
৪. মাত্রাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য দৃষ্টান্তসহ আলোচনা কর।
৫. অনুপ্রাস অলঙ্কার কাকে বলে? এই অলঙ্কারের শ্রেণীবিভাগ উদাহরণসহ আলোচনা কর।
৬. উপমা অলঙ্কারের সংজ্ঞা দাও। এই অলঙ্কারের শ্রেণীবিভাগ দৃষ্টান্তসহ আলোচনা কর।

বিভাগ—ঘ

নিম্নলিখিত যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

১. শব্দার্থ পরিবর্তনের কারণগুলি কী কী লেখ।

(4)

২. সংজ্ঞাসহ উদাহরণ দাও (যেকোনো দু'টি) :

অপিনিহিতি, বিপ্রকর্ষ, নাসিক্যীভবন।

৩. ছন্দ নির্ণয় কর :

আমি ক্লান্ত প্রাণ এক চারিদিকে জীবনের সমুদ্র সফেন
আমারে দু'দণ্ড শান্তি দিয়েছিল নাটোরের বনলতা সেন।

৪. ছন্দ নির্ণয় কর :

খাদ্যে খাদকে বাদ্যে বাদকে প্রকৃতির ঐশ্বর্য
ষড় ঋতু ছলে ষড় রিপু খেলে কাম হতে মাৎসর্য।

৫. অলঙ্কার নির্ণয় কর :

নামে সন্ধ্যা তন্দ্রালসা
সোনার আঁচল খসা
হাতে দীপশিখা।

৬. সংজ্ঞাসহ শ্লেষ অলঙ্কারের বিভিন্ন শ্রেণীর পরিচয় দাও।

★ ★ ★